তারিখ ..30 JUN 2015...
পৃষ্ঠা ... কলাম ...

# কিশোরগঞ্জে মেডিকেল কলেজ নির্মাণের টাকা ফেরত যাচ্ছে

■ কিশোরগঞ্জ অফিস

কিশোরগঞ্জ সৈয়দ নজরুল ইসলাম সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতাল উন্নয়ন কাজের বরাদ্দের ৮ কোটি টাকা সময়মতো ব্যবহার করতে না পারায় ফেরত যাচ্ছে। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ নরসুন্দা-লেকসিটি প্রকল্পের অধীনে পৌরসভার সড়ক নির্মাণ করতে স্টেশন রোড সড়কের সিদ্ধেশ্বরী অংশ বন্ধ করে দেওয়ায় প্রয়োজনীয় সরঞ্জাম আনা সম্ভব হয়নি। এ কারণে মেডিকেল কলেজ প্রকল্পের কাজ বন্ধ হয়ে পড়ে। এতে উন্নয়ন কাজের ৮ কোটি টাকা ফেরত যাওয়ার বিষয়টি জানাজানি হলে কলেজ কর্তৃপক্ষ ও শিক্ষার্থীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

সড়ক বন্ধ থাকায় হাসপাতালের মূল ভবনের রড বাঁধাই কাজ শেষ হলেও বালু পাথরের ঢালাই করা যায়নি। কিশোরগঞ্জ গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী শফিকুল ইসলাম জানান, যান চলাচলের বিকল্প ব্যবস্থা না করে সড়ক নির্মাণ করা নিয়ম-কানুনের পরিপন্থী। সৈয়দ নজরুল মেডিকেল কলেজের অধ্যক্ষ মুনসুর খলিল বলেন, ঢাকায় বারবার গিয়ে তাগদা দিয়ে টাকার বরাদ্দ মিলেছে। এখন ৮ কোটি টাকা ফেরত যাচ্ছে। এটি কোনোভাবেই মেনে যাওয়া যায় না। তিন বছর ধরে কাজ চলছে। তবে অর্থ বরাদ্দ না থাকায় মেডিকেল কলেজ ও হাসপাতালের কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি।

এ ব্যাপারে এলজিইডির নির্বাহী প্রকৌশলীর সঙ্গে যোগাযোগ করে তাকে পাওয়া যায়নি। নরসুন্দা প্রকল্পের কাজের দায়িত্বে থাকা প্রকৌশলী শাহআলম মিয়া বলেন, বিকল্প সড়ক থাকায় ডাইভারশনের বিষয়ে ভাবা হয়নি। কালিয়াচাপড়া সুগার মিল থেকে সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল পর্যন্ত সড়কটি ব্যবহার করে মালপত্র নেওয়া যেত।